# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মাহবুবুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ

সভার স্থান: জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ: ১১/০৮/২০২২ খ্রিঃ

সময়: সকাল ১০.০০ ঘটিকা

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হ'ল)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যকরী বাস্তবায়ন স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দায়বদ্ধতা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কাজেই প্রত্যেক দপ্তরকে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করার আহবান জানান।

অতঃপর নিম্নোক্ত সেবাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | প্রতিশ্রুত সেবার তালিকা | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. নাগরিক সেবা | | | |
| ১.১ | মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন এবং মাটি ও পানি পরীক্ষা | চাষ সংক্রান্ত তথ্য জানার নির্ধারিত ফরম নাই। চাষি/ আগ্রহি ব্যাক্তি সেবা প্রদান পদ্ধতী অনুসরণপূর্বক ১ দিনের মধ্যে বিনামূল্যে সেবাটি গ্রহণ করতে পারবেন। | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ১.২ | মৎস্য খাদ্য আইন ২০১০ ও মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ মোতাবেক লাইসেন্স প্রদান/নবায়ন | আইন ও বিধি- বিধান মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে। লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ১মাস পূর্বে প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে নবায়নের জন্য জেলা মৎস্য কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ১.৩ | মৎস্য হ্যাচারী আইন ২০১০ ও মৎস্য হ্যাচারী বিধিমালা ২০১১ মোতাবেক লাইসেন্স প্রদান/নবায়ন | আইন ও বিধি- বিধান মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে। লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ১মাস পূর্বে প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে নবায়নের জন্য জেলা মৎস্য কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ২. প্রাতিষ্ঠানিক/ দাপ্তরিক সেবা | | | |
| ২.১ | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন সাধারণ অগ্রিম (SFI) ও খসড়া (ডিপি) অনুচ্ছেদের অডিট আপত্তির লক্ষ্যে দ্বি-/ত্রিপাক্ষিয় সভার কার্যপত্র সংগ্রহ পূর্বক কার্যক্রম গ্রহণ। | অডিট সংক্রান্ত আপত্তির আলোকে বিনামূল্যে ৩০ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ৩.অভ্যান্তরীণ সেবা | | | |
| ৩.১ | কর্মকর্তা/ কর্মচারীদের লামগ্রান্ট ও পেনশন মঞ্জুরির ব্যবস্থা করা | বিনামূল্যে ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদি উর্ধ্বগামি করার সিদ্ধান্ত গহীত হয়। | জেলা মৎস্য কর্মকর্তা |
| ৩.২ | জেলার অবসরগামি কর্মকর্তাগণের বিভিন্ন কর্মস্থলের কর্মসময়ের অডিট আপত্তি ও নিষ্পত্তির নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ১৭ কলাম | বিনামূল্যে ৭ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |

| ক্রঃ নং | প্রতিশ্রুত সেবার তালিকা | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ছকে প্রাপ্তির নিমিত্ত পত্র জারি করা | | |
| ৩.৩ | কর্মকর্তা/ কর্মচারিদের শ্রান্তি বিনোদন ছুটি ও অর্জিত ছুটি মঞ্জুরীর ব্যবস্থা গ্রহণ করা | বিনামূল্যে ৩ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা |
| ৩.৪ | এলপিসি প্রদানে সহায়তা করা | বিনামূল্যে ৭ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে জানান যে, সিটিজেন চার্টারে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী সেবা গ্রহীতাদের নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। চলতি অর্থবছরে (জুলাই-সেপ্টেম্বর/২০২২) এ পর্যন্ত সেবা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। স্টেকহোল্ডারদের তিনি সিটিজেন চার্টার অনুযায়ী অধীস্থ দপ্তরসমূহকে নিয়মিতভাবে সেবা প্রদান করার জন্য আহবান জানান।

বিস্তারিত আলোচনা এবং উপস্থিত স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে সভাপতি কর্তৃক সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহঃ

১। খাদ্য ও হ্যাচারীর লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ শেষ হওয়ার এক (০১) মাস পূর্বেই আবেদন করার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবগত করতে হবে;

২। জরুরী ভিত্তিতে খামার পরিদর্শনের প্রয়োজন হলে অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শনপূর্বক পানির গুনাগুণ পরীক্ষা (ক্ষেত্রে বিশেষে) করে প্রয়োজনীয় পরামর্শ/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩। অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহদ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪। অবসরপ্রাপ্ত কর্মচারীদের লামগ্রান্ট ও পেনশন মঞ্জুরিসহ বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মচারীদের ব্যক্তিগত ও দাপ্তরিক বিষয় সমূহ (শ্রান্তি বিনোদন ছুটি, অর্জিত ছুটি, এলপিসি প্রদানে সহায়তা ইত্যাদি) আন্তরিকতার সাথে বিবেচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/২২

( মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
fisheries.chapainawabganj.gov.bd

পত্র নং: ৩৩.০২.৭০০০.৪০০.৫৫.০০৫.২১-৪১২

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যর্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্কর্তা, সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৩. সংশ্লিষ্ট নথি

১১।৮।২২

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২৫৮৮৯৩৪৮২
dfonawabgonj@fisheries.gov.bd